

নডি ইয়রুক শহর

2022 প্রাথমিক নির্বাচনের ভোটার নির্দেশিকা

**AAPI POWER
COALITION**

Bengali

আমাদের সম্পর্কে

**AAPI POWER
COALITION**

AAPI পাওয়ার কোয়ালিশন হল একটি তৃণমূল জোট যেটি ভোটারদের শিক্ষা এবং প্রচারের মাধ্যমে এশিয়ান আমেরিকান এবং প্রশান্ত মহাসাগরীয় দ্বীপবাসী সম্প্রদায়ের ক্ষমতায়নের জন্য কাজ করছে। আমাদের জোটের মধ্যে 10টি সংস্থা অন্তর্ভুক্ত যারা নিউ ইয়র্ক শহর জুড়ে বিভিন্ন সম্প্রদায়কে সেবা দিয়ে থাকে।



1989 সালে প্রতিষ্ঠিত এশিয়ান আমেরিকান ফেডারেশন হল নিউ ইয়র্ক শহরের সবচেয়ে শক্তিশালী নেতৃত্বের কর্তৃপক্ষ যা নিউ ইয়র্কের এশিয়ান সম্প্রদায়ের 1.5 মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য বৃহত্তর ন্যায়বিচার এবং সুযোগের পক্ষে সমর্থন প্রদান করে।

আমাদের সাথে যোগাযোগ করুন

120 Wall Street, 9th Fl,
New York, NY 10005

vote@aafederation.org

(212) 344-5878

নির্বাচনের মূল তারিখসমূহ

ভোটার নিবন্ধনের সময়সীমা

ব্যক্তিগতভাবে এবং ডাকযোগে

শুক্রবার
জুন

3^{রা}

অনুপস্থিতি ব্যালটের জন্য অনুরোধ করার শেষ দিন

ডাকযোগে

সোমবার
জুন

13^{শে}

ব্যক্তিগতভাবে

সোমবার
জুন

27^{শে}

আগাম ভোটার সময়কাল

জুন
18^{শে}

-

জুন
26^{শে}

সময় পরিবর্তিত হতে পারে

প্রাথমিক নির্বাচনের দিন

ব্যক্তিগতভাবে

মঙ্গলবার
জুন

28^{শে}

সকাল 6 টা - রাত 9 টা

অনুপস্থিতি ব্যালট ফেরত দেওয়ার শেষ দিন

ব্যক্তিগতভাবে এবং ডাকযোগে

মঙ্গলবার
জুন

28^{শে}

আমি কাকে ভোট দিতে পারি?


ফেডারেল অফিসসমূহ

এ বছর, আপনি কংগ্রেসের উভয় চেম্বারে আপনার প্রতিনিধিদের জন্য ভোট দিতে পারেন: মার্কিন সিনেট এবং প্রতিনিধি পরিষদ (হাউস অফ রিপ্রেজেন্টেটিভস)। নতুন ফেডারেল আইন তৈরি এবং পাস করতে তাদের অবশ্যই রাষ্ট্রপতির সাথে একসাথে কাজ করতে হবে।



মার্কিন সিনেট


মার্কিন কংগ্রেসের উচ্চকক্ষ। প্রতিটি স্টেট থেকে দুজন করে সিনেটের 100 জন সদস্য আছে। তারা 6 বছর মেয়াদে নির্বাচিত হন।



মার্কিন হাউস অফ রিপ্রেজেন্টেটিভস

মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষ। এতে 435 জন সদস্য আছে। 2023 সালে নিউইয়র্কের জন্য 26 জন প্রতিনিধি থাকবে। তারা 2 বছর মেয়াদে নির্বাচিত হন।

এই নির্বাচিটি স্থানিত করা হয়েছে এবং ২৩শে আঘে ত্রুণিত হয়র্



স্টেট অফিসসমূহ

নিউ ইয়র্ক এর রাজ্য সরকার ফেডারেল সরকারের অনুরূপ কারণ এতেও 3টি শাখা আছে: নির্বাহী, আইনসভা এবং বিচার বিভাগীয় (রাজ্যের আদালত ব্যবস্থা)। এ বছর, আপনি ভোট দিতে পারেন:

এক্সিকিউটিভ অফিসসমূহ

গভর্নর

নিউইয়র্কের প্রধান নির্বাহী। আইনের মধ্যে বিলে স্বাক্ষর করার ক্ষমতা রয়েছে। তিনি 4বছর মেয়াদে নির্বাচিত হন।



নিয়ন্ত্রক

নিউইয়র্কের প্রধান অর্থনৈতিক কর্মকর্তা। স্টেট বাজেটের জন্য দায়িত্বপ্রাপ্ত। তিনি 4বছর মেয়াদে নির্বাচিত হন।



অ্যাটর্নি জেনারেল

নিউইয়র্কের প্রধান আইন কর্মকর্তা। তিনি নিউইয়র্কের নাগরিকদের আইনি অধিকার রক্ষা করেন। তিনি 4 বছর মেয়াদে নির্বাচিত হন।



স্টেটের আইনসভা

স্টেট সিনেট


স্টেটের আইনসভার উচ্চকক্ষ। স্টেটের বিভিন্ন অংশের প্রতিনিধিত্বকারী 63 জন সদস্য আছেন। তারা 2বছর মেয়াদে নির্বাচিত হন।

এই নির্বাচিটি স্থগিত করা হয়েছে এবং ২৩শে আঘে আনিত হযর্



স্টেট অ্যাসেম্বলি

স্টেটের আইনসভার নিম্নকক্ষ। স্টেটের বিভিন্ন অংশের প্রতিনিধিত্বকারী 150 জন সদস্য আছেন। তারা 2বছর মেয়াদে নির্বাচিত হন।



আপনার ব্যালটে কোন কোন প্রার্থী আছে তা খুঁজে বের করুন:



এখানে স্ক্যান করুন।

প্রাথমিক নির্বাচন

প্রাথমিক নির্বাচনে আপনি সিদ্ধান্ত নেবেন যে
নভেম্বরের সাধারণ নির্বাচনে আপনার দলের মনোনীত
প্রার্থী কারা হবে।

নিউইয়র্কের প্রাথমিক নির্বাচনে ভোট দেওয়ার জন্য
আপনাকে অবশ্যই একটি রাজনৈতিক দলের সাথে
নিবন্ধন করতে হবে। আপনি ভোট দেওয়ার জন্য
নিবন্ধন করার সময় বা আপনার নিবন্ধন আপডেট
করার মাধ্যমে আপনি এটি করতে পারেন।

আপনি এখানে আপনার দলের
অন্তর্ভুক্তি চেক করতে পারেন:



ভোটের জন্য নিবন্ধন



28শে জুনের নির্বাচনের জন্য নিবন্ধনের
শেষ তারিখ 3রা জুন। তাই আর দেরি
করবেন না!

অনলাইনে নিবন্ধন করুন বা একটি কাগজের ফর্ম পূরণ করুন।
পূরণ করা কাগজের ফর্মটি নির্বাচনী বোর্ডে ডাকযোগে বা কারো
মাধ্যমে পাঠানো যেতে পারে।



নিবন্ধন করতে আপনার সাহায্যের প্রয়োজন
হলে, আমাদের একজন স্বেচ্ছাসেবককে
জিজ্ঞাসা করুন বা আমাদের ইমেইল করুন
vote@aaafederation.org ঠিকানায়



নিবন্ধন ফর্ম ডাউনলোড এবং প্রিন্ট
করুন একটি:
(অবশ্যই ইংরেজিতে সম্পন্ন করতে হবে)

or



অনলাইনে ভোট দিতে নিবন্ধন করুন:
(শুধুমাত্র ইংরেজি)



আমি কিভাবে ভোট দেব?

ব্যক্তিগতভাবে আগাম ভোট দিন

নিউইয়র্কের প্রতিটি ভোটার নির্বাচনের দিনের আগে ব্যক্তিগতভাবে আগাম ভোট দিতে পারেন। আগাম ভোট দেওয়াটা সুবিধাজনক, দ্রুত এবং নমনীয়।

আপনি 18ই জুন - 26শে জুনের মধ্যে আগাম ভোট দিতে পারেন, যদিও একেক দিনের সময় ভিন্ন হয়।

নির্বাচনের দিন ভোট দিন

28শে জুন প্রাথমিক নির্বাচনের দিন ভোট দিয়ে আপনার মতামত জানান।

সকাল 6টা থেকে রাত 9টা পর্যন্ত ভোট গ্রহণ চলবে

আগাম ভোট প্রদান এবং নির্বাচনের দিনের জন্য আপনার ভোট কেন্দ্রের অবস্থান খুঁজে পেতে নিউইয়র্ক (NYC) বোর্ড অফ ইলেকশনস এর ওয়েবসাইটে যান:



ভোটে অনুপস্থিতি

ডাকযোগে ভোট দেওয়া আপনার ভোট দেওয়ার ক্ষেত্রে একটি নিরাপদ, সহজ এবং নিশ্চিত উপায়।

একটি ফেরত খাম এবং নির্দেশাবলী অন্তর্ভুক্ত করা হবে। তবে আপনার ব্যালট ডাকযোগে পাঠাতে আপনাকে অবশ্যই ডাক মাশুল যোগ করতে হবে। আমরা দুটি স্ট্যাম্পের সুপারিশ করি।

আপনাকে ডাকযোগে পাঠানোর জন্য একটি অনুপস্থিতি ব্যালটের জন্য অনুরোধ করুন:




*অনুপস্থিতি ব্যালট আপনার কার্ডিটি বোর্ড অফ ইলেকশনস বা আপনার পোলিং এর স্থানে নির্বাচনের দিন বা আগাম ভোটের দিনেও পৌঁছিয়ে দেওয়া যেতে পারে।



ভোটারের প্রবেশযোগ্যতা

ভাষার সহায়তা

কিছু ভোটকেন্দ্রে দোভাষীদের পাওয়া যাবে।



আপনার যদি কোনও ভোটকেন্দ্রে ভাষা সহায়তার প্রয়োজন হয় তবে আপনার নিজের দোভাষীকে আপনার সাথে নিয়ে আসার অধিকারও আপনার আছে।

কোন কোন ভোটকেন্দ্রে দোভাষী সেবা প্রদান করবে তা সন্ধান করুন:



প্রতিবন্ধীদের সহায়তা

ব্যালট মার্কিং এর ডিভাইসগুলো ভোটকেন্দ্রে উপলব্ধ এবং সেই সকল ভোটার যারা অন্ধ, দৃষ্টিপ্রতিবন্ধী, বা যাদের কোন অক্ষমতা বা এমন সমস্যা আছে যেক্ষেত্রে কলম দিয়ে ব্যালট চিহ্নিত করা কঠিন বা অসম্ভব করে তোলে তাদের জন্য সহায়ক হতে পারে।



ব্যালট মার্কিং এর ডিভাইসগুলো সম্পর্কে আরও জানুন:



প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

আমাকে কি কোনো আইডি আনতে হবে?

প্রথমবারের ভোটারদের সাথে আইডি নিয়ে আসার জন্য সুপারিশ করা হয়।

আমি যদি অবস্থান পরিবর্তন করে থাকি তাহলে কী হবে?

আপনি যখন অবস্থান পরিবর্তন করেন, তখন আপনাকে একটি নতুন ভোটার নিবন্ধন ফর্ম জমা দিয়ে বোর্ড অফ ইলেকশনস এ আপনার ঠিকানা পরিবর্তন করতে হবে।

কারা ভোট দেওয়ার যোগ্য?

আপনি ভোট দেওয়ার ক্ষেত্রে নিবন্ধন করার যোগ্য যদি আপনি:

1. একজন আমেরিকান নাগরিক হন
2. কমপক্ষে 30 দিনের জন্য নিউ ইয়র্ক শহরের বাসিন্দা হন
3. এবং কমপক্ষে 16 বছর বয়সী হন

আপনি 16 বা 17 বছর বয়সে ভোট দেওয়ার জন্য প্রাক-নিবন্ধন করতে পারেন, তবে ভোট দেওয়ার জন্য আপনাকে অবশ্যই 18 বছর বয়সী হতে হবে।

আমার ভোটদান কেন্দ্রে কোনো সমস্যা হলে আমি কাকে কল করব? (শুধুমাত্র ইংরেজি)

আপনি আপনার ভোটদান কেন্দ্রের যেকোনো সমস্যা সম্পর্কে জানাতে নিউ ইয়র্ক বোর্ড অফ ইলেকশনে কল করতে পারেন।
1-866-Vote-NYC (1-866-868-3692) নম্বরে কল করুন।

আমার, বা অন্য কারো অধিকার লঙ্ঘিত হলে আমি কার সাথে যোগাযোগ করতে পারি? (শুধুমাত্র ইংরেজি)

আপনি একজন প্রশিক্ষিত ইলেকশন প্রোটেকশন সম্পর্কিত স্বেচ্ছাসেবকের সাথে কথা বলতে পারেন এবং বিনামূল্যে আইনি সহায়তা পেতে ইলেকশন প্রোটেকশন হটলাইনে যোগাযোগ করতে পারেন।
1-866-OUR-VOTE (1-866-687-8683) নম্বরে কল করুন।

বোর্ড অফ ইলেকশনস এর অবস্থান

Bronx

📍 1780 Grand Concourse, 5 Fl,
Bronx, NY 10457

Manhattan

📍 200 Varick Street, 10 Fl,
New York, NY 10014

Brooklyn

📍 345 Adams Street, 4 Fl,
Brooklyn, NY 11201

Staten Island

📍 1 Edgewater Plaza, 4 Fl,
Staten Island, NY 10305

Queens

📍 118-35 Queens Boulevard,
Forest Hills, NY 11375

আমি কোথায় ভোট দিব?

2022 সালের নির্বাচনের দিন হল
মঙ্গলবার 6/28

আমি কোন সময়ে ভোট দিব?

পর্যন্ত ভোট গ্রহণ চলবে
সকাল 6টা থেকে রাত 9টা

কোনো প্রশ্ন আছে?

ভোটার নিবন্ধন, ভোট দেওয়ার পদ্ধতি, রাজনৈতিক দল এবং
আরও অনেক কিছু সম্পর্কে আরও তথ্যের জন্য অথবা আপনার
স্থানীয় কাউন্সি বোর্ড অফ ইলেকশনস অফিস খুঁজে পেতে
aafederation.org/2022-primary-voter-guide কিনায়
যান অথবা নীচের QR কোডটি স্ক্যান করুন।

এখানে স্ক্যান করুন!



অথবা vote@aafederation.org ঠিকানায় আমাদের সাথে যোগাযোগ করুন

**AAPI POWER
COALITION**

